

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯০৩

২১. উত্তরাধিকার অধ্যায় (كتاب الفرائض)

পরিচ্ছেদঃ ৩. স্বামী ও মা-বাবা এবং স্ত্রী ও মা-বাবার অংশ সম্পর্কে

باب فِي زَوْجِ وَأَبْوَيْنِ وَامْرَأَةٍ وَأَبْوَيْنِ

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ أَخْبَرَنَا شَرِيكُ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ قَالَ قَالَ عَبْدُ اللَّهِ كَانَ عُمَرُ إِذَا سَلَكَ بِنَا طَرِيقًا وَجَدْنَاهُ سَهْلًا وَإِنَّهُ قَالَ فِي زَوْجِ وَأَبْوَيْنِ لِلزَّوْجِ النِّصْفُ وَلِلْأُمَّ ثُلُثُ مَا بَقِيَ

বাংলা

২৯০৩. ইবরাহীম (রহঃ) হতে, আব্দুল্লাহ রাদ্দিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, যখন উমার আমাদের নিয়ে কোনো পথে চলতেন, তখন আমরা সে পথকে সহজসাধ্য পেতাম। তিনি স্বামী ও স্বামীর পিতা-মাতার অংশ সম্পর্কে বলেছেন: স্বামী অর্ধেক সম্পদ পাবে। আর আর মা পাবেন অবশিষ্ট সম্পত্তির এক তৃতীয়াংশ।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ ইনকিতা' বা বিচ্ছিন্নতার কারণে যয়ীফ। ইবরাহীম নাখঈ' আব্দুল্লাহ রাদ্দিয়াল্লাহু আনহু এর সাক্ষাত লাভ করেননি। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১১/২৩৯ নং ১১১০০; সাঈদ ইবনু মানসূর, আস সুনান নং ৮০৭।

আমাদের বক্তব্য হলো: তবে হাদীসটি সহীহ। সাঈদ ইবনু মানসূর, আস সুনান নং ৬; ইবনু আবী শাইবা ১১/২৩৬ নং ১১১০৪, ১১১০৮ সনদ সহীহ; আব্দুর রায়যাক, আল মুসান্নাফ ১৯০১৫; বাইহাকী, ফারাইয ৬/২২৮ অপর একটি সহীহ সনদে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইবরাহীম আন-নাখঈ (রহঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83188>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন